



# জনসংযোগ অফিস

## বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

### প্রেস রিলিজ

তারিখঃ ২২/০২/২০১৮

## বর্ণাচ্য আয়োজনে বরিশাল বিশ্ববিদ্যালয় দিবস ২০১৮ উদ্যাপন

বর্ণাচ্য আয়োজনে উদ্যাপিত হয়েছে বরিশাল বিশ্ববিদ্যালয় দিবস ২০১৮। ২০১১ সালের ২২ ফেব্রুয়ারি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী দেশের পথে শেখ হাসিনা বরিশাল বিশ্ববিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন, সেই থেকে এ দিনটি বরিশাল বিশ্ববিদ্যালয় দিবস হিসেবে পালিত হয়ে আসছে। বিশ্ববিদ্যালয় দিবসকে বরণ করে নিতে বরিশাল বিশ্ববিদ্যালয় পরিবারের পক্ষ থেকে নেয়া হয় নানা কর্মসূচি। সকাল ৯ ঘটিকায় জাতীয় পতাকা, বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলণ এবং বেলুন ও ফেস্টুন উড়ানোর মাধ্যমে বরিশাল বিশ্ববিদ্যালয় দিবস ২০১৮ এর শুভ সূচনা করেন মাননীয় উপাচার্য বিশিষ্ট মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞানী প্রফেসর ড. এস এম ইমামুল হক। এ সময় ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান, বিশ্ববিদ্যালয়ের সম্মানিত সিভিকেট সদস্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের মৃত্তিকা, পানি ও পরিবেশ বিভাগের অনারারী প্রফেসর ড. শফিউর রহমান, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রাক্তন অতিরিক্ত একার্টনি জেনারেল সুপ্রিম কোর্টের সিনিয়র আইনজীবী জনাব এম কে রহমান সহ বিভিন্ন অনুষদের ডিন, রেজিস্ট্রার, প্রষ্টর, বিভাগীয় প্রধান, প্রভোস্ট, শিক্ষকমন্ডলী, দণ্ডরপ্রধান, শিক্ষার্থীবৃন্দ সহ অন্যান্য উপস্থিতি ছিলেন। সকাল ৯.৩০ ঘটিকায় মাননীয় উপাচার্য মহোদয়ের নেতৃত্বে বিশ্ববিদ্যালয় দিবস ২০১৮ উপলক্ষে আয়োজিত আনন্দ র্যালি প্রশাসনিক ভবনের সামনে থেকে বরিশাল-পটুয়াখালী-ভোলা মহাসড়ক হয়ে ক্যাম্পাসের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সামনে এসে শেষ হয়। আনন্দ র্যালিতে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার, সম্মানিত সিভিকেট সদস্যবৃন্দ, বিভিন্ন অনুষদের ডিন, রেজিস্ট্রার, প্রষ্টর, বিভাগীয় প্রধানগণ, প্রভোস্টবৃন্দ, পরিচালকবৃন্দ, শিক্ষকমন্ডলী, দণ্ডর প্রধানগণ, কর্মকর্তাবৃন্দ, শিক্ষার্থীবৃন্দ, ২২টি বিভাগ, ৩টি হল, বিএনসিসি সেনা ও নৌ শাখা, রোভার ক্ষাউটসহ সকল কর্মচারীরা উপস্থিতি ছিলেন। অনুষ্ঠানের ২য় পর্বে বিশ্ববিদ্যালয়ের ২০১৭-১৮ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ১ম বর্ষের নবাগত শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়। ওরিয়েন্টেশনে নবাগত শিক্ষার্থীদের উদ্দেশ্যে দিক নির্দেশনামূলক এবং উদ্দীপনায় বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক, বরিশাল মেট্রোপলিটন পুলিশ কমিশনার এস এম রঞ্জুল আমিন, ডিজিএফআই বরিশালের বিভাগীয় প্রধান কর্নেল জিএস জিএম শরিফুল ইসলাম, ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান, বিশ্ববিদ্যালয়ের সম্মানিত সিভিকেট সদস্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের মৃত্তিকা, পানি ও পরিবেশ বিভাগের অনারারী প্রফেসর ড. শফিউর রহমান, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রাক্তন অতিরিক্ত একার্টনি জেনারেল সুপ্রিম কোর্টের সিনিয়র আইনজীবী এম কে রহমান, কলা ও মানবিক অনুষদের ডিন অধ্যাপক ড. মো: মুহসিন উদ্দীন, জীববিজ্ঞান অনুষদের ডিন ড. মো: হাসিমুর রহমান, মৎ শিল্পী বরঙ্গ রায় এবং বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষার্থীরা। নবাগত শিক্ষার্থীদের ফুলেল শুভেচ্ছা জ্ঞাপন করে উপাচার্য মহোদয় বলেন, বরিশাল বিশ্ববিদ্যালয় প্রাঙ্গনে তোমাদের স্বাগতম। নবীন এ বিশ্ববিদ্যালয়টিকে বিশ্বমানের পর্যায়ে উন্নীত করণে তোমাদেরকে ভূমিকা রাখতে হবে, কেননা এ বিশ্ববিদ্যালয়টি অচিরেই দক্ষিণাঞ্চলের শিক্ষা, গবেষণা ও সাংস্কৃতিক ক্ষেত্রে সেন্টার অব এক্সিলেসে পরিষ্ঠিত হবে। নবাগত শিক্ষার্থীদের উদ্দেশ্যে উপাচার্য মহোদয় বলেন, চলতি শিক্ষাবর্ষ থেকে এ বিশ্ববিদ্যালয়ের মেধাবী ও কৃতী শিক্ষার্থীদের জন্য ডিনসু অ্যাওয়ার্ড চালু হচ্ছে এবং যুগপোয়োগী বিভাগ চালুর মাধ্যমে এ বিশ্ববিদ্যালয়কে সামনের দিকে এগিয়ে নেয়ার চেষ্টা করা হচ্ছে। এ বিশ্ববিদ্যালয়টি একটি রাজাকার মুক্ত এবং ধূমপান মুক্ত বিশ্ববিদ্যালয়। একই সাথে এ বিশ্ববিদ্যালয়ে র্যাগিং সম্পর্কসম্পর্কে নিষিদ্ধ ঘোষণা করা হচ্ছে। কেউ যদি এর সাথে জড়িত থাকে তাহলে তার বিরুদ্ধে কর্তৃত ব্যবস্থা নেয়া হবে। উপাচার্য মহোদয় বরিশাল বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার স্বপ্নদ্রষ্টা জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর অবদানকে গভীর শ্রদ্ধাভাবে স্মরণ করেন এবং একইসাথে বরিশাল বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা আন্দোলনের সাথে জড়িত সমগ্র বরিশালবাসি এবং সকল রাজনৈতিক নেতৃত্বের প্রতিও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মো. মনিরুল ইসলামের সঞ্চালনায় অনুষ্ঠানে ২২টি বিভাগের বিভাগীয় প্রধানগণ, প্রষ্টর, প্রভোস্টবৃন্দ, পরিচালকবৃন্দ, শিক্ষকমন্ডলী, ছাত্র উপদেস্টাবৃন্দ, ২২টি বিভাগের শিক্ষার্থীবৃন্দ, দণ্ডর প্রধানগণ, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সংগঠনের নেতৃত্ববৃন্দ কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ এবং আমন্ত্রিত বিভিন্ন পর্যায়ের সম্মানিত অতিরিক্ত উপস্থিতি ছিলেন। এছাড়াও অনুষ্ঠানে মাননীয় উপাচার্য মহোদয়ের সহধর্মিনী এবং ট্রেজারার মহোদয়ের সহধর্মিনী উপস্থিতি ছিলেন। ওরিয়েন্টেশন প্রোগ্রাম শেষে বরিশাল বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় সাংস্কৃতিক কমিটির আয়োজনে এবং শিক্ষার্থীদের অংশগ্রহণে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রঞ্জি  
উপ-পরিচালক (চলতি দায়িত্ব)  
জনসংযোগ অফিস